# জুলাই গণঅভ্যুত্থান ছিল সবার সম্মিলিত লড়াই: রিজভী



রুহুল কবির রিজভী। ছবি: সংগৃহীত

জুলাই গণঅভ্যুত্থানের সাফল্য কোনো এক ব্যক্তি বা একটি দলের নয়; এটি রাজনৈতিক দল, ছাত্র-জনতা এবং সাধারণ মানুষের সম্মিলিত আন্দোলনের ফল বলে মন্তব্য করেছেন বিএনপির সিনিয়র যুগ্ম মহাসচিব রুহুল কবির রিজভী।

সোমবার (৩ আগস্ট) দুপুরে বিএমইউতে 'জুলাইয়ে নার্সদের অবদান' শীর্ষক এক আলোচনা সভায় তিনি এসব কথা বলেন।

রিজভী বলেন, জুলাই আন্দোলন ব্যর্থ হলে এবং শেখ হাসিনার সরকারের পতন না ঘটলে বিরোধী রাজনৈতিক দলের অনেক নেতাকর্মীকেই চরম মূল্য দিতে হতো। তার দাবি, সে পরিস্থিতিতে অনেকেরই মৃত্যুদণ্ডের মুখোমুখি হওয়ার আশঙ্কা ছিল।

তিনি আরও বলেন, জুলাই গণঅভ্যুত্থান ছিল দীর্ঘ ১৭ বছরের আন্দোলন-সংগ্রামের চূড়ান্ত পরিণতি। এ আন্দোলনের গুরুত্ব তুলে ধরে তিনি বলেন, ইতিহাসের বড় বড় গণআন্দোলনের সঙ্গে এর তুলনা করা যায়।

LENS ASIA

এনসিপি নেতাদের উদ্দেশে রিজভী বলেন, রাজনৈতিক অঙ্গনে এমন কোনো সংস্কৃতি অনুসরণ করা উচিত নয়, যা অতীতে সমালোচিত হয়েছে। গণতান্ত্রিক চর্চা ও শালীন রাজনৈতিক আচরণ বজায় রাখার আহ্বান জানিয়ে তিনি বলেন, দীর্ঘ সময় নির্যাতনের শিকার হলেও বিএনপি অশালীন ভাষার রাজনীতি করেনি।

অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর রাজনৈতিক সহকারী রাশেদ খান বলেন, এনসিপি জামায়াতের চিন্তাধারার প্রভাবে পরিচালিত হচ্ছে। তিনি আরও মন্তব্য করেন, সামাজিক যোগাযোগমাধ্যমে জনপ্রিয়তা অর্জন করা সম্ভব হলেও, কেবল সেই ভিত্তিতে রাষ্ট্র পরিচালনা করা যায় না।